

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/জিআইএস/এম-০১(অংশ-২)/২০১৫/৯৭২

তারিখঃ ০৭/০৯/২০১৫ইং

প্রতি,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী


নগর ব্যবস্থাপনা

এলজিইডি সদর দপ্তর

বিষয়ঃ নগর সেক্টরের বিভিন্ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত জিআইএস সম্পর্কিত কাজের তথ্য সংরক্ষণ করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র নগর সেক্টরের আওতায় গৃহীত প্রকল্পের মাধ্যমে পৌরসভা এবং সিটি কর্পোরেশনের জন্য প্রণীত/প্রণীতব্য মাস্টার প্ল্যান এবং এ সংক্রান্ত মূল্যবান জিআইএস তথ্য এলজিইডিতে যথাযথভাবে সংরক্ষণ করা প্রয়োজন। অন্যথায় প্রকল্প সমাপ্তির পর এ সকল তথ্যের প্রাপ্যতা ও ব্যবহারের ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি হবে। এ কারণে এলজিইডি'র যে কোন প্রকল্পের আওতায় জিআইএস বিষয়ক কাজের সাথে জিআইএস ইউনিটকে সম্পৃক্ত রেখে এবং প্রকল্প সমাপ্তির পর জিআইএস সংশ্লিষ্ট সকল তথ্য জিআইএস ইউনিটে সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে।

এতদপ্রেক্ষিতে, নগর সেক্টরের জেলা ও উপজেলা শহর উন্নয়ন প্রকল্প এর আওতায় প্রণীত পৌরসভা সমূহের মাস্টার প্ল্যান এবং সংশ্লিষ্ট সকল জিআইএস তথ্য জিআইএস ইউনিটে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো। এছাড়া চলমান অন্যান্য প্রকল্পের মধ্যে জিআইএস সম্পর্কিত কোন বিষয় থাকলে সেক্ষেত্রে জিআইএস ইউনিটকে সম্পৃক্ত করে তা সম্পাদনের জন্য এবং প্রকল্প সমাপ্তির পর প্রয়োজনীয় তথ্যসমূহ জিআইএস ইউনিটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।



(শ্যামা প্রসাদ অধিকারী)

প্রধান প্রকৌশলী

ফোন : ০২- ৯১২৪০২৭

ই-মেইল : ce@lged.gov.bd

অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,এলজিইডি সদর দপ্তর।

৩। প্রকল্প পরিচালক,....., প্রকল্পের আওতায় জিআইএস বিষয়ক কোন কাজ বাস্তবায়নের সুযোগ থাকলে পত্র বর্ণিত নির্দেশনা সমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হলো।